



নং-৩৭.০০.০০০০.০৭৪.০০২.০০১.২০১৭.১২৭

তারিখ: ১৫ আষাঢ়, ১৪২৯ বঙ্গাব্দ  
২৯ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ

**বিষয়: বেসরকারি কলেজে ডিগ্রি স্তরে এনটিআরসিএ কর্তৃক শিক্ষক নিয়োগ**


উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ০১.০৩.২০২২ তারিখে বিভিন্ন বেসরকারি এমপিওভুক্ত কলেজ ডিগ্রি (পাস) স্তরে নিয়োগকৃত তৃতীয় শিক্ষকদের নিয়োগ/এমপিওভুক্তি/বকেয়া বিষয়ে এক সভা অনুষ্ঠিত হয়। সভায় বেসরকারি ডিগ্রি স্তরের কলেজে শিক্ষক নিয়োগ এর বিধি নিয়ে আলোচনাকালে “বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ আইন, ২০০৫” এর ১০ ধারা এবং জাতীয় বিশ্ববিদ্যালয় প্রণীত “শিক্ষা প্রতিষ্ঠান অধিভুক্তি সংক্রান্ত রেগুলেশন ২০১৯” নিয়ে আলোচনা হয়। আইন ও রেগুলেশন বিশ্লেষণে দেখা যায় যে, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA) নিবন্ধন ছাড়া কোনো শিক্ষক নিয়োগ করা যায় না।

২.০ বেসরকারি ডিগ্রি স্তরের কলেজে শিক্ষক নিয়োগের ক্ষেত্রে সামঞ্জস্য আনয়নের লক্ষ্যে বিস্তারিত আলোচনা শেষে সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয় :

“NTRCA-এর আইন অনুযায়ী বেসরকারি কলেজে ডিগ্রি স্তরে নিবন্ধনভুক্ত শিক্ষক নিয়োগের জন্য প্রতিষ্ঠানসমূহ জেলা শিক্ষা অফিসারের মাধ্যমে NTRCA এর নিকট চাহিদাপত্র প্রেরণ করবে।”

৩.০ উক্ত সভার সিদ্ধান্ত মাননীয় মন্ত্রী সদয় অনুমোদন করেছেন।

৪.০ এমতাবস্থায়, বেসরকারি ডিগ্রি স্তরের কলেজে শিক্ষক নিয়োগ বিষয়ে “বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ আইন, ২০০৫” এবং জাতীয় বিশ্ববিদ্যালয় প্রণীত “শিক্ষা প্রতিষ্ঠান অধিভুক্তি সংক্রান্ত রেগুলেশন ২০১৯” প্রতিপালনের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
(সোনা মনি চাকমা)  
উপসচিব

ফোন: ৯৫৪০৫১৭

ই-মেইল: [ds.mpo@moedu.gov.bd](mailto:ds.mpo@moedu.gov.bd)

বিতরণ : সদয় অবগতি/কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. চেয়ারম্যান, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ), ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা।
২. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
৩. রেজিস্ট্রার, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর, ঢাকা।
৪. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা,----- অঞ্চল (সকল)।
৫. উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা,----- অঞ্চল (সকল)।
৬. জেলা শিক্ষা অফিসার,----- (সকল)।
৭. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৮. অতিরিক্ত সচিব (মাধ্যমিক-২) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৯. অধ্যক্ষ,----- (বেসরকারি ডিগ্রি স্তরের সকল কলেজ)।
১০. অফিস কপি।